

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৬০

৪/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৩৪. যুহরের ও আসরের সালাতে কিরাআত

القراءة في الظهر والعصر

## আরবী

حَدِيْثُ أَبِي قَتَادَةً عَنْ أَبِيهِ قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَي وَيُقَصِّرُ فِي الثَّانِيَةِ الْأُولَييْنِ مِنْ صَلاَةِ الظُّهْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَتَيْنِ يُطَوِّلُ فِي الْأُولَى وَيُقَصِّرُ فِي الثَّانِيَةِ وَيُسْمِعُ الْآيَةَ أَحْيَانًا وَكَانَ يَقْرَأُ فِي الْعُصْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَتَيْنِ وَكَانَ يُطَوِّلُ فِي الْأُولَى وَكَانَ يُطُوِّلُ فِي الْأُولَى مِنْ صَلاَةِ الصَّبْحِ وَيُقَصِّرُ فِي الثَّانِيَةِ الْأُولَى مِنْ صَلاَةِ الصَّبْحِ وَيُقَصِّرُ فِي الثَّانِيَةِ

## বাংলা

২৬০. আবৃ কাতাদাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম যুহরের প্রথম দু' রাক'আতে সূরা ফাতিহার সাথে আরও দু'টি সূরা পাঠ করতেন। প্রথম রাক'আতে দীর্ঘ করতেন এবং দ্বিতীয় রাক'আতে সংক্ষেপ করতেন। কখনো কোন আয়াত শুনিয়ে পড়তেন। আসরের সালাতেও তিনি সূরা ফাতিহার সাথে অন্য দু'টি সূরা পড়তেন। প্রথম রাক'আতে দীর্ঘ করতেন। ফজরের প্রথম রাক'আতেও তিনি দীর্ঘ করতেন এবং দ্বিতীয় রাক'আতে সংক্ষেপ করতেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৯ : তাহাজ্জুদ, অধ্যায় ৯৬, হাঃ ৭৫৯; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ৩৪, হাঃ ৪৫১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন